# “ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কবরস্থানসমূহের নীতিমালা-২০২২”

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা
www.dncc.gov.bd

মুজিব বর্ষ

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.১০.০০০০.০১৩.৬৩.১৫৫৯.২২ – ৪৮

তারিখ: ০৪ মাঘ ১৪২৯
১৮ জানুয়ারি ২০২৩

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কবরস্থানসমূহের নীতিমালা-২০২২

## প্রথম অধ্যায়
## সাধারণ বিষয়াবলী

১। **কবরস্থান:** ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন বা আওতাধীন কবরস্থানসমূহ বলতে– (ক) বনানী কবরস্থান, (খ) উত্তরা ৪নং সেক্টর কবরস্থান, (গ) উত্তরা ১২নং সেক্টর কবরস্থান, (ঘ) উত্তরা ১৪নং সেক্টর কবরস্থান, (ঙ) মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থান এবং (চ) রায়ের বাজার স্মৃতিসৌধ সংলগ্ন কবরস্থান; এবং পরবর্তীতে যে কবরস্থান ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর আওতাধীন হবে, তাকে বুঝাবে।

২। **সংরক্ষিত এলাকা:** ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন প্রতিটি কবরস্থানের মোট জায়গার সর্বোচ্চ ১/৩ (এক-তৃতীয়াংশ) অংশ জায়গা সংরক্ষিত এলাকা হিসেবে চিহ্নিত করা যাবে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সুনির্দিষ্ট অফিস আদেশ দ্বারা সংশ্লিষ্ট কবরস্থানের সংরক্ষিত এলাকার পরিমাণ ও সীমানা নির্ধারিত হবে।

৩। **সাধারণ এলাকা:** ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন প্রতিটি কবরস্থানের মোট জায়গার নূন্যতম ২/৩ (দুই-তৃতীয়াংশ) অংশ জায়গা সাধারণ এলাকা হিসেবে নির্দিষ্ট থাকবে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সুনির্দিষ্ট অফিস আদেশ দ্বারা সংশ্লিষ্ট কবরস্থানের সাধারণ এলাকার পরিমাণ ও সীমানা নির্ধারিত হবে।

৪। **রেজিস্ট্রশন ফি:** ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন কবরস্থানসমূহে কবর সংরক্ষণ ফি ও অনুমোদিত ঠিকাদারের (বাঁশ, চাটাই ও কবর খনন) ফি ব্যতীত প্রতিটি মৃতদেহ দাফন বাব্দ রেজিস্ট্রেশন ফি ৫০০/- (পাঁচশত) টাকা নির্ধারণ করা হলো। উল্লেখ্য, কবরস্থানের সিনিয়র মোহরার দুঃস্থ, অসহায় ও বিত্তহীন মৃত ব্যক্তির ক্ষেত্রে ১০০/- (একশত) টাকা প্রতীকী রেজিস্ট্রেশন ফি গ্রহণ করতে পারবেন।

৫। **কবরস্থান ব্যবস্থাপনা:** কবরস্থানের নিরাপত্তা, পবিত্রতা ও সুষ্ঠু পরিবেশ নিশ্চিতের বিষয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়া কবরস্থানের উন্নয়ন, সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত যাবতীয় কাজ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সম্পাদন করবে।

৬। **দাফনের সময়:** ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন প্রতিটি কবরস্থানে প্রতিদিন সকাল ৬.০০ টা থেকে রাত ১১.০০ টা পর্যন্ত মৃতদেহ দাফন করা যাবে।

৭। **মাজার:** ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন কোন কবরস্থানে দাফনকৃত (সংরক্ষিত অথবা সাধারণ এলাকায়) কোন ব্যক্তির কবরে মাজার করা যাবে না।

৮। **কবরের গাছ:** সংরক্ষিত অথবা সাধারণ কবরে ছোট জাতের ফুল গাছ (বুশ জাতীয় গাছ) ব্যতীত অন্য কোন গাছ লাগানো যাবে না।

৯। **অগ্রিম কবর সংরক্ষণ:** ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন প্রত্যেকটি কবরস্থানের অগ্রিম কবর সংরক্ষণ সম্পূর্ণরূপে বন্ধ থাকবে। তবে, বিশেষ ক্ষেত্রে জায়গার প্রাপ্যতা বিবেচনায় মাননীয় মেয়র অগ্রিম কবর সংরক্ষণের অনুমতি প্রদান করতে পারবেন।

১০। **কবর স্থায়ী সংরক্ষণ:** ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন কোন কবরস্থানে (সাধারণ/সংরক্ষিত এলাকায়) কবর স্থায়ীভাবে সংরক্ষণের ক্ষেত্রে কবর রেজিস্ট্রেশন ফি ব্যতীত পৃথক কোন ফি প্রযোজ্য হবে না। তবে, এরূপ ক্ষেত্রে আবশ্যিকভাবে স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে। কবর স্থায়ীকরণের লক্ষ্যে মৃত ব্যক্তির পরিবারের সদস্যকে কবর রেজিস্ট্রশনের রশিদ ও প্রয়োজনীয় কাগজপত্র/প্রমাণাদি সহ মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন বরাবর আবেদন করতে হবে। স্থায়ী সংরক্ষিত কবরে পরবর্তীতে মৃত ব্যক্তির পরিবারের সদস্য বা অন্য কাউকে দাফন করা যাবে না। দ্বিতীয় অধ্যায়ের ৮ নম্বর ক্রমিকে ব্যক্তিবর্গ ব্যতীত অন্যরা কবর স্থায়ী সংরক্ষণের সুযোগ পাবে না। ব্যতিক্রম: মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর অভিপ্রায়।

১১। **কবর মেয়াদী সংরক্ষণ:**

(ক) **আবেদন:** ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন কোন কবরস্থানের সংরক্ষিত এলাকায় (বিশেষ ক্ষেত্রে সাধারণ এলাকায়) কবর মেয়াদী সংরক্ষণ (১৫/২৫ বছর) ও পাকাকরণের জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম www.dncc.gov.bd ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে। কবর মেয়াদী সংরক্ষণ সর্বদাই অস্থায়ী সংরক্ষণ হিসেবে বিবেচনা করতে হবে।

(খ) **আবেদন নিষ্পত্তি:** প্রাপ্ত আবেদনসমূহ "কবর মেয়াদী সংরক্ষণ ও পাকাকরণ সংক্রান্ত কমিটি" এর সভায় অনুমোদনের জন্য উত্থাপিত করতে হবে। সভার কার্যবিবরণী মাননীয় মেয়র কর্তৃক অনুমোদিত হতে হবে।

(গ) **যে ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের অনুমোদন প্রয়োজন:** বিনা ফি'তে অথবা প্রতীকী/ নামমাত্র মূল্যে কবর মেয়াদী সংরক্ষণের (১৫/২৫ বছর) ক্ষেত্রে আবশ্যিকভাবে স্থানীয় সরকার বিভাগের অনুমোদন নিতে হবে।

(ঘ) **প্রতীকী/ নামমাত্র মূল্য কত:** প্রতীকী/ নামমাত্র মূল্যে কবর মেয়াদী সংরক্ষণের আবেদন (১৫/২৫ বছর) "কবর মেয়াদী সংরক্ষণ ও পাকাকরণ সংক্রান্ত কমিটি" এবং স্থানীয় সরকার বিভাগ অনুমোদিত করলে প্রতীকী/ নামমাত্র মূল্য মাননীয় মেয়র এর অভিপ্রায় অনুযায়ী নির্ধারিত হবে।

(ঙ) **কবর মেয়াদী সংরক্ষণ ও পাকাকরণ সংক্রান্ত কমিটি:** ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন কবরস্থানসমূহে কবর মেয়াদী (১৫/২৫ বছর) সংরক্ষণ (ফি সহ, বিনা ফি'তে, প্রতীকী/নামমাত্র মূল্যে), স্থায়ী সংরক্ষণ ও পাকাকরণ সংক্রান্ত আবেদনসমূহ যাচাই-বাছাই পূর্বক সিদ্ধান্ত গ্রহণের জন্য একটি কমিটি থাকবে। এটি "কবর মেয়াদী সংরক্ষণ ও পাকাকরণ সংক্রান্ত কমিটি" নাম অভিহিত হবে। কমিটির গঠন হবে নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| ১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | – | সভাপতি |
| ২. সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | – | সদস্য |
| ৩. প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | – | সদস্য |
| ৪. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | – | সদস্য |
| ৫. প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | – | সদস্য |
| ৬. প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | – | সদস্য |
| ৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | – | সদস্য |
| ৮. প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | – | সদস্য |
| ৯. সমাজকল্যাণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | – | সদস্য-সচিব |

১২। **কবর সংরক্ষণ সংক্রান্ত আবেদন নিষ্পত্তির ধাপসমূহ:** ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন কবরস্থানসমূহে কবর মেয়াদী (১৫/২৫ বছর) সংরক্ষণ (ফি সহ, বিনা ফি'তে, প্রতীকী/নামমাত্র মূল্যে), স্থায়ী সংরক্ষণ ও পাকাকরণ সংক্রান্ত আবেদনসমূহ "কবর মেয়াদী সংরক্ষণ ও পাকাকরণ সংক্রান্ত কমিটি" এর সভায় পর্যালোচনা করা হবে। সভার কার্যবিবরণী মাননীয় মেয়র কর্তৃক অনুমোদিত হওয়ার পর-

(ক) নির্ধারিত ফি সহ কবর মেয়াদী সংরক্ষণের ক্ষেত্রে আবেদনকারীকে পত্র প্রেরণ করতে হবে।

(খ) বিনা ফি'তে, প্রতীকী/নামমাত্র মূল্যে কবর মেয়াদী (১৫/২৫ বছর) সংরক্ষণ ও কবর স্থায়ী সংরক্ষণের ক্ষেত্রে বোর্ড/কর্পোরেশন সভায় উত্থাপন করতে হবে। বোর্ড/কর্পোরেশন সভায় অনুমোদিত হলে কার্যবিবরণী সহ সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণ করতে হবে।

## দ্বিতীয় অধ্যায়
## সংরক্ষিত এলাকা

১। **সংরক্ষণের মেয়াদ:** জায়গা খালি থাকা সাপেক্ষে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কবর সংরক্ষণের নির্ধারিত ফি পরিশোধপূর্বক ১৫ (পনের) বা ২৫ (পঁচিশ) বছরের জন্য কবর সংরক্ষণ করা যাবে।

২। **সংরক্ষণ মেয়াদ পরিবর্তন:** গত ৩০ মার্চ ২০১৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত কবর মেয়াদী সংরক্ষণ সংক্রান্ত কমিটির সিদ্ধান্তের আলোকে সংরক্ষণ মেয়াদ ১০/১৫/২০/২৫ বছর এর পরিবর্তে ১৫/২৫ বছর করা হয়েছে।

৩। **কবর সংরক্ষণ ফি:**

| ক্রমিক | কবরস্থানের নাম | সংরক্ষণ ফি | |
|---|---|---|---|
| | | ১৫ বছর মেয়াদী | ২৫ বছর মেয়াদী |
| ১. | বনানী কবরস্থান | ১,০০,০০,০০০ | ১,৫০,০০,০০০ |
| ২. | উত্তরা ৪নং সেক্টর কবরস্থান | ৭৫,০০,০০০ | ১,০০,০০,০০০ |
| ৩. | উত্তরা ১২নং সেক্টর কবরস্থান | ৫০,০০,০০০ | ৭৫,০০,০০০ |
| ৪. | উত্তরা ১৪নং সেক্টর কবরস্থান | ৩০,০০,০০০ | ৫০,০০,০০০ |
| ৫. | মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থান | ২০,০০,০০০ | ৩০,০০,০০০ |
| ৬. | রায়ের বাজার স্মৃতিসৌধ সংলগ্ন কবরস্থান | ১০,০০,০০০ | ১৫,০০,০০০ |

৪। **সর্বোচ্চ মেয়াদ ও নবায়ন:** এককালীন সর্বোচ্চ ২৫ (পঁচিশ) বছরের জন্য কবর সংরক্ষণের অনুমতি দেওয়া যাবে। তবে, আবেদনকারী/ মৃত ব্যক্তির পক্ষে কোন বৈধ উত্তরসুরি/শুভাকাঙ্ক্ষী ১৫/২৫ (পনের/পঁচিশ) বছরের অনুমোদিত সংরক্ষণ মেয়াদ অতিক্রান্ত হওয়ার পর যদি কবর সংরক্ষণে আগ্রহী হন, সেক্ষেত্রে, তাকে ইতোপূর্বে অনুমোদিত মেয়াদের মধ্যে নবায়নের জন্য আবেদন করতে হবে। তার আবেদন যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে (১৫/২৫ বছরের) নির্ধারিত নবায়ন ফি পরিশোধ সাপেক্ষে সংরক্ষণের মেয়াদ নবায়ন করা যাবে।

৫। **কবরের পরিমাপ:** সংরক্ষিত প্রতিটি কবরের জন্য বরাদ্দকৃত জায়গার পরিমাণ ৮′-০″ × ৪′-০″ এর অতিরিক্ত হবে না। কবর পাকা করার ক্ষেত্রে উক্ত বরাদ্দকৃত জায়গার বেশি জমি কোনক্রমেই ব্যবহার করা যাবে না এবং উচ্চতা হবে ছাদবিহীন অনধিক ৩′-০″।

৬। **পুনঃকবর:** পুনঃকবরের ক্ষেত্রে-

(ক) এই নীতিমালার আওতায় সংরক্ষিত কবরের উপর পুনঃকবর দেওয়ার ক্ষেত্রে রেজিস্ট্রেশন ফি সহ বনানী কবরস্থানের জন্য ৫০,৫০০/- (পঞ্চাশ হাজার পাঁচশত) টাকা এবং অন্যান্য কবরস্থানসমূহের জন্য ৩০,৫০০/- (ত্রিশ হাজার পাঁচশত) টাকা নির্ধারণ করা হলো। তবে, সংরক্ষিত কবরের উপর পুনঃকবর দিতে হলে দাফনকৃত ব্যক্তির পুত্র-কন্যা, স্বামী/স্ত্রী, পিতা-মাতা, সহোদর-সহোদরা ব্যতীত অন্য কাউকে পুনঃকবর দেয়া যাবে না।

(খ) পুনঃকবরের ক্ষেত্রে নির্ধারিত ফরম পূরণ পূর্বক যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন করতে হবে। পেশকৃত তথ্যাবলীর সত্যতা যাচাই পূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষ পুনঃকবরের অনুমোদন প্রদান করবেন।

(গ) যখনই পুনঃকবর দেওয়া হোক না কেন, যে সংরক্ষিত কবরের উপর পুনঃকবর দেওয়া হবে তার (সংরক্ষিত কবরের) পূর্বের মেয়াদ বহাল থাকবে।

(ঘ) মেয়াদী কবরের উপর মেয়াদ শেষ হওয়ার পূর্বের দুই বছরের মধ্যে পুনঃকবর দেওয়া যাবে না।

৭। **কবর হস্তান্তর:** অনুমোদিত সংরক্ষিত কবরের বরাদ্দ কোনরূপ দান/ক্রয়/বিক্রয় বা অন্য কোন উপায়ে অপর কোন ব্যক্তির (বরাদ্দ গ্রহীতা ব্যতীত) নিকট হস্তান্তর করা যাবে না।

৮। **সাধারণ এলাকায় কবর সংরক্ষণ:** সর্বসাধারণের জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন কবরস্থানসমূহের সাধারণ এলাকা নির্ধারিত বিধায় সাধারণ এলাকায় দাফনকৃতদের কবর সংরক্ষণযোগ্য হবে না। তবে শর্ত থাকে যে, মাননীয় মেয়র এর অভিপ্রায় অনুযায়ী এবং সরকারের নির্দেশ অনুসারে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে স্বীকৃতিপ্রাপ্ত বরেণ্য ব্যক্তির কবর সাধারণ এলাকাতে হলেও তার সংরক্ষণযোগ্য হবে।

৯। **বীর মুক্তিযোদ্ধাদের জন্য সংরক্ষিত এলাকা:** মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানে বীর মুক্তিযোদ্ধাদের জন্য সংরক্ষিত বিশেষ এলাকায় মহান স্বাধীনতা যুদ্ধে খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের কবর সংরক্ষণের ব্যবস্থা থাকবে। তবে, মুক্তিযোদ্ধা পরিবারের ইচ্ছানুযায়ী ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের যে কোন কবরস্থানে কবর সংরক্ষণ করতে পারবে।

১০। **বীর মুক্তিযোদ্ধাদের কবরের জন্য জায়গা নির্ধারণ:** বীর মুক্তিযোদ্ধাদের স্মৃতি সংরক্ষণের লক্ষ্যে মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানের বর্ধিত অংশের ১.৫ একর জায়গা বীর মুক্তিযোদ্ধাদের জন্য পূর্বের ন্যায় সংরক্ষিত থাকবে। সাধারণ কবরে শুধুমাত্র প্রয়াত বীর মুক্তিযোদ্ধাদের দাফন করা হবে।

১১। **বীর মুক্তিযোদ্ধাদের কবর সংরক্ষণ সংক্রান্ত:** বীর মুক্তিযোদ্ধাদের জন্য নির্ধারিত সাধারণ কবরে দাফনের ক্ষেত্রে প্রমাণক হিসেবে মুক্তিযোদ্ধাদের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সমন্বিত তালিকায় নাম থাকতে হবে এবং যথাযথ সনদ দাখিল সাপেক্ষে কর্তৃপক্ষের অনুমতিক্রমে দাফন করা যাবে। তবে, আবেদনের প্রেক্ষিতে বীর মুক্তিযোদ্ধাদের জন্য প্রথম ১০ (দশ) বছর ফি ব্যতীত কবর সংরক্ষণের পর পরবর্তী সময়ের জন্য নির্ধারিত হারে ফি প্রযোজ্য হবে। তবে, কেবলমাত্র রায়েরবাজার স্মৃতিসৌধ সংলগ্ন কবরস্থানে দাফনকৃত বীর মুক্তিযোদ্ধাদের কবর আজীবন সংরক্ষিত থাকবে। এলক্ষ্যে পর্যাপ্ত সংখ্যক লেন (অথবা জায়গা) আলাদাভাবে চিহ্নিত করা থাকবে।

১২। **সংরক্ষণাদেশ বাতিল:** অনুমোদিত নির্দিষ্ট মেয়াদের মধ্যে সংরক্ষিত কবরটি পরবর্তী সময়ের জন্য নবায়ন না করা হলে অথবা বরাদ্দ গ্রহীতার জন্য প্রযোজ্য শর্তাবলীর এক বা একাধিক শর্ত ভঙ্গ হলে স্বয়ংক্রিয়ভাবে সংরক্ষণাদেশ বাতিল বলে গণ্য হবে। কোন সংরক্ষিত কবর নবায়ন করা না হলে অথবা সংরক্ষণাদেশ বাতিল হলে, সেই কবরটি যে কাউকে দাফনের জন্য উপযুক্ত হিসেবে বিবেচিত হবে।

১৩। **পূর্বে সংরক্ষিত কবরের ক্ষেত্রে নীতিমালার প্রযোজ্যতা:** ইতোপূর্বে অনুমোদিত অগ্রিম সংরক্ষিত কবর, সংরক্ষিত কবর এবং পুনঃসংরক্ষিত কবরসমূহের ক্ষেত্রে এই নীতিমালা প্রযোজ্য হবে না। তবে, এই সমস্ত সংরক্ষিত কবর কোনক্রমেই কোনরূপ দান/ক্রয়/বিক্রয় বা অন্য কোন উপায়ে অন্য কোন ব্যক্তিকে হস্তান্তর করা যাবে না। কবরস্থানসমূহে সংরক্ষিত কবরে দাফনকৃত ব্যক্তির ওয়ারিশগণকে (পিতা/মাতা/স্বামী/স্ত্রী/পুত্র/ কন্যা/ সহোদর/সহোদরা) দাফন করা যাবে।

## তৃতীয় অধ্যায়
## সাধারণ এলাকা

১। **সাধারণ এলাকায় কবর সংরক্ষণ:** ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন কোন কবরস্থানের সাধারণ এলাকায় কোন কবর সংরক্ষণের অনুমতি দেওয়া যাবে না। তবে, দ্বিতীয় অধ্যায়ের ৮নং অনুচ্ছেদের শর্তানুযায়ী সাধারণ এলাকায় কোন কবর ১৫/২৫ বছর মেয়াদী সংরক্ষণের ক্ষেত্রে, সংরক্ষিত এলাকায় ১৫/২৫ বছর মেয়াদের জন্য ধার্যকৃত সংরক্ষণ ফি এর ৩ (তিন) গুণ ফি পরিশোধ করতে হবে।

২। **বিভিন্ন আকারের কবরের জায়গা চিহ্নিতকরণ:** সাধারণ এলাকায় দাফনের জন্য বড় কবর, মাঝারি কবর ও ছোট কবরের জায়গা চিহ্নিত থাকবে।

৩। **অবকাঠামো নির্মাণ:** সাধারণ এলাকার কবরসমূহে বাঁশ, ইট, লোহার গ্রিল বা অন্য কোন উপায়ে কোন স্থায়ী অবকাঠামো তৈরি করা বা বেড়া দেওয়া যাবে না।

৪। **কবর চালাকরণ:** ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন প্রত্যেক কবরস্থানের সাধারণ এলাকা সর্বোচ্চ ২ (দুই) বছর অন্তর অন্তর কবর চালা দেয়া হবে।

৫। **কর্মকর্তা-কর্মচারীদের জন্য সংরক্ষণ:** ২১/০৯/২০১৬ খ্রি. তারিখের সিদ্ধান্ত মোতাবেক রায়ের বাজার স্মৃতিসৌধ সংলগ্ন কবরস্থানের ব্লক নং-৯ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য সাধারণ কবরস্থান হিসেবে সংরক্ষিত থাকবে। উল্লেখ্য, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে প্রেষণে ২ (দুই) বছরের অধিককাল কর্মরত ছিলেন, আছেন বা থাকবেন, এমন কর্মকর্তাবৃন্দও এই সুবিধা ভোগ করবেন।

৬। **বেওয়ারিশ লাশ দাফন:** আঞ্জুমান মুফিদুল ইসলাম অথবা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক বেওয়ারিশ লাশ দাফন করার জন্য রায়ের বাজার স্মৃতিসৌধ সংলগ্ন কবরস্থানের ৪ নং ব্লকের ৬ ও ৭ নং লাইন নির্ধারণ করা হলো।

৭। **নীতিমালার প্রযোজ্যতা:** ইতোপূর্বে সাধারণ এলাকায় অনুমোদিত সংরক্ষিত কবর/ পুনঃকবরের ক্ষেত্রে এই নীতিমালা প্রযোজ্য হবে না। তবে, সাধারণ এলাকায় সংরক্ষিত কবর কোনক্রমেই কোনরূপ দান/ক্রয়/বিক্রয় বা অন্য কোন উপায়ে অন্য কোন ব্যক্তিকে হস্তান্তর করা যাবে না। কবরস্থানসমূহের সাধারণ এলাকায় সংরক্ষিত কবরে দাফনকৃত ব্যক্তির ওয়ারিশগণকে (পিতা/মাতা/স্বামী/স্ত্রী/পুত্র/কন্যা/ সহোদর/সহোদরা) দাফন করা যাবে।

৮। **মেয়াদোত্তীর্ণ কবর:** ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন সকল কবরস্থানের সাধারণ এলাকায় ইতোপূর্বে মেয়াদ ভিত্তিক সংরক্ষিত কবরের নির্ধারিত মেয়াদ শেষে তা নবায়ন/ সময় বৃদ্ধি করা না হলে, সংরক্ষিত কবরটি সাধারণ কবর হিসেবে বিবেচিত হবে এবং এই কবরে যে কাউকে দাফন করা যাবে।

## চতুর্থ অধ্যায়
## বিবিধ বিষয়াবলী

১। কবরস্থানে দাফনের ক্ষেত্রে প্রকৃত ব্যয় মিটানোর জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অনুমোদিত ফি প্রযোজ্য হবে।

২। কবরস্থানে দাফনকৃত ব্যক্তিবর্গের তথ্যাদির একটি ডাটাবেজ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সংরক্ষণ করবে।

৩। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন সকল কবরস্থানের জন্য মাস্টারপ্ল্যান প্রস্তুত করতে হবে এবং তা সংশ্লিষ্ট কবরস্থানে সংরক্ষণ ও প্রদর্শন করতে হবে।

৪। প্রতিটি কবরস্থানে জানাজার স্থান, লাশের গোসল ঘর ও ওয়েটিং রুম থাকবে।

৫। প্রতিটি কবরস্থানের সীমানা প্রাচীর নির্মাণ, সংস্কার/ পুন:নির্মাণ এবং অবকাঠামোগত উন্নয়ন কাজ প্রকৌশল বিভাগ কর্তৃক সম্পাদিত হবে।

৬। লাশ দাফনের সংখ্যার উপর ভিত্তি করে প্রযোজ্য ক্ষেত্রে ধর্মীয় অনুশাসন মেনে শরীয়তসম্মতভাবে কবরস্থান চালার মাধ্যমে নতুনভাবে তা ব্যবহারের উদ্যোগ গ্রহণ করতে হবে।

৭। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন প্রতিটি কবরস্থানে মৃত ব্যক্তির বয়স ও শারীরিক আকৃতি অনুযায়ী নিম্নরূপ ৩ (তিন) ধরনের কবর থাকবে।

| **কবরের ধরন** | বড় কবর | মাঝারি কবর | ছোট কবর |
|---|---|---|---|
| **কবরের পরিমাপ** | ৮′-০″ × ৪′-০″ | ৫′-০″ × ৩′-০″ | ৩′-৬″ × ২′-০″ |

৮। কবরের এই পরিমাপ নির্দিষ্ট থাকবে। পরিমাপের ব্যত্যয় ঘটানো যাবে না। দুইটি কবরের মাঝখানে ১′-০″ জায়গা খালি থাকবে।

৯। সংরক্ষিত কবরের ক্ষেত্রে (সংরক্ষিত ও সাধারণ এলাকায়) প্রতিটি কবর পাকা বাঁধাইয়ের ক্ষেত্রে কবরের পরিমাপ কোনক্রমেই ৮′-০″ × ৪′-০″ × ৩′-০″ এর বেশি হতে পারবে না। মৃত ব্যক্তির পরিবারের ইচ্ছা অনুযায়ী বিভিন্ন আয়াত/ দোয়া কবরের দেয়ালে লেখা যাবে।

১০। বিশেষ প্রয়োজনে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কমিটি গঠনের মাধ্যমে নতুন নীতিমালা প্রণয়ন অথবা এই নীতিমালার প্রয়োজনীয় সংশোধন, সংযোজন ও বিয়োজন করা যাবে। তবে, তা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে।

১১। এই নীতিমালা ১৮/০১/২০২৩খ্রি: তারিখ হতে কার্যকর হবে।

১২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নীতিমালা জারি করা হলো।

২৮.০১.২০২৩

ড. মোহাম্মদ মাহে আলম
(উপসচিব)
সচিব (অঃ দাঃ)
ফোন-৮৮৩৪৯৩০
secretary@dncc.gov.bd

ব্সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সম্মানিত কাউন্সিলর (সকল), সাধারণ ওয়ার্ড নং----/সংরক্ষিত ওয়ার্ড নং---, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. বিভাগীয় প্রধান (সকল)......................................., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)................................, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. সমাজকল্যাণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. সহকারী সচিব (সাধারণ প্রশাসন), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. সহকারী সমাজকল্যাণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. অফিস কপি।